**প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা**
**প্রত্নতত্ত্ব অধিদপ্তর**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

| প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা |
| --- |
| জেলার নাম: **নরসিংদী** |
| সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: **০৫ টি (জুলাই ২০২৫ পর্যন্ত)** |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো-অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| ১. | **ভাই গিরিশ চন্দ্র সেনের বাড়ি** |  | **নরসিংদী সদর**<br><br>পাচঁদোনা | ২৩°৫৩'২২.৬" উ.<br>৯০°৩৯'৫০.৩" পূ. | বাংলাদেশ গেজেট<br>২৬ নভেম্বর ২০২৪<br><br>(১ম খণ্ড, পৃষ্ঠা-২৮৫০২) | পবিত্র কোরআনের প্রথম বাংলা অনুবাদক ভাই গিরিশ চন্দ্র সেনের দোতলা বিশিষ্ট এ বাড়িটি অষ্টাদশ শতকের মধ্যভাগে নির্মিত। |
| ২. | **পারুলিয়া শাহী মসজিদ** |  | **পলাশ** | ২৩°৫৭'৫৬.০" উ.<br>৯০°৪০'৪৮.৩" পূ. | বাংলাদেশ গেজেট<br><br>০৮ ফেব্রুয়ারি ১৯৯০<br>(১ম খণ্ড, পৃষ্ঠা-৫৬) | শিলালিপি অনুযায়ী ১৬৯৬ খ্রি: দেওয়ান শরীফের পত্নী বিবি জয়নব তিন গম্বুজ বিশিষ্ট এ মসজিদটি নির্মাণ করেন। মসজিদের ভিতরের দৈর্ঘ্য ২০.০০ মিটার ও প্রস্থ ৬.০০ মিটার। মসজিদের দেয়াল ১.৬০ মিটার চওড়া। |
| ৩. | **অসম রাজার গড়** (বটেশ্বর বাজার সংলগ্ন মাটির প্রাচীর) |  | **বেলাব** | ২৪°০৫'৩৪.৬" উ.<br>৯০°৪৯'৩১.৭" পূ. | বাংলাদেশ গেজেট<br><br>০৩ আগস্ট ২০০৬<br>(১ম খণ্ড, পৃষ্ঠা-৪৩৮) | প্রত্নস্থলটি স্থানীয়ভাবে অসম রাজার গড় হিসেবে পরিচিত হয়ে আসলেও বাংলাদেশের পুরাতাত্ত্বিক চর্চার অঙ্গনে এটি বটেশ্বর প্রত্নস্থল নামে অধিক পরিচিত। বটেশ্বর প্রত্নস্থল মাটির উঁচু প্রাচীর বেষ্টিত দুর্গ-নগর ছিল। দুর্গটি ২ স্তরবিশিষ্ট মাটির প্রাচীর দ্বারা আবদ্ধ। বহি:প্রাচীর এবং অন্ত:প্রাচীর। উভয় প্রাচীরের বাহিরের দিকে দেখা যায় গভীর পরিখা, নিচু জলাভূমি, বিল ও নদী। |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো-অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| ৪. | **পরিত্যক্ত ভিটা** (ওয়ারী গ্রামের উত্তর-পশ্চিম দিকের বাসিন্দা আবদুস সালাম পাঠানের বাড়ি সংলগ্ন পশ্চিম অংশ) |  | **বেলাব** | - | বাংলাদেশ গেজেট<br><br>০৩ আগস্ট ২০০৬ (১ম খণ্ড, পৃষ্ঠা-৪৩৮) | পরিত্যক্ত ভিটা প্রত্নস্থলটি উয়ারী গ্রামের উত্তর প্রাচীর থেকে ৩১৫ মিটার দক্ষিণে ও পূর্ব প্রাচীর থেকে ১৫৫ মিটার পশ্চিমে অবস্থিত। এ স্থানটির সন্নিকটে একটি বসত ভিটা ছিল, যা পরবর্তীতে পরিত্যক্ত হয়ে যায়। পরিত্যক্ত ভিটায় খনন পরিচালিত করে ইট নির্মিত ১টি আয়তাকার জলাধারের ন্যায় কাঠামো আবিষ্কৃত হয়েছে। |
| ৫. | **রামনগর বড় জামে মসজিদ** |  | রায়পুরা | - | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.২২-২৭<br><br>০৮ জানুয়ারি, ২০২৩ | জনশ্রুতি রয়েছে স্থানীয় বাসিন্দা হাজী নাদু ভূইয়া নামে একজন ধর্মপ্রাণ ব্যক্তি স্থানীয়দের সহযোগিতায় আনুমানিক বিশ শতকের প্রথম দিকে এটি নির্মাণ করেন। মসজিদের খিলান, গম্বুজ, ফিনিয়েল ও কর্ণারটারেটের স্থাপত্য শৈলীর গঠন বিন্যাসে মোগল স্থাপত্যের বৈশিষ্ট্য বহন করছে। মসজিদের মুল অংশ ৩টি গম্বুজ দ্বারা আচ্ছাদিত। ইটের গাথুনিতে চুন-সুরকি ব্যবহৃত হয়েছে। মসজিদের পূর্ব দেয়ালে ৩টি, উত্তর-দক্ষিণ দেয়ালে ১টি করে মোট ৫টি প্রবেশ পথ রয়েছে। মসজিদের অভ্যন্তরে ২টি খিলান ও দেয়ালকে কেন্দ্র করে ৩টি গম্বুজ স্থাপিত। মসজিদের পশ্চিম দেয়ালে ৩টি মিহরাব এবং মিহরাবের দুই পাশে ২টি কুলঙ্গি রয়েছে। |